দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# দেশের সব 'পিস স্কুল' বন্ধ ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

সারাদেশে সব পিস স্কুল বন্ধ ঘোষণা করেছে সরকার। গতকাল মঙ্গলবার এক আদেশ জারি করার পর শিক্ষা মন্ত্রণালয় জানায়, অনুমোদনহীন পিস স্কুলগুলো অবিলম্বে বন্ধ করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানানো হয়েছে।

অন্যদিকে, নিবন্ধন পাওয়া ঢাকার লালমাটিয়ায় অবস্থিত 'পিস ইন্টারন্যাশনাল স্কুল' এর নিবন্ধনও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বাতিল করেছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড। গতকাল মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, বিতর্কিত কার্যক্রমে লিপ্ত থাকায় লালমাটিয়ার পিস ইন্টারন্যাশনাল স্কুলের পাঠদানের অনুমতি বাতিল করতে শিক্ষা পৃষ্ঠা ১৯ কলাম ১

## দেশের সব

প্রথম পৃষ্ঠার পর

বোর্ডকে নির্দেশ দেওয়া হয়। স্কুলটির নিবন্ধন বাতিল সংক্রান্ত আদেশ বোর্ডের ওয়েবসাইটেও দেওয়া হয়েছে। ২০১৪ সালের ১৩ নভেম্বর ৫/৭, ব্লক-বি লালমাটিয়ায় অবস্থিত এই স্কুলকে নিবন্ধন দিয়েছিল ঢাকা বোর্ড।

গত ১১ জুলাই ভারতের বিতর্কিত ইসলামী বক্তা জাকির নায়েকের পিস টিভির সম্প্রচার বাংলাদেশে বন্ধের পর 'পিস স্কুল' গুলোর কর্মকাণ্ডের অনুসন্ধানে নেমেছিল সরকার। এরই অংশ হিসেবে প্রতিষ্ঠানগুলোর শিক্ষা কার্যক্রম পরিচালনা বন্ধের নির্দেশ দেয়া হয়। অভিযোগ উঠেছে, জাকির নায়েকের মতাদর্শ অনুসরণ করেই ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন এলাকায় 'পিস' শব্দ জুড়ে দিয়ে বিভিন্ন নামে এসব শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছিল। একই সঙ্গে গুলশানে হামলাকারী অন্তত দু'জন জঙ্গি জাকির নায়েকের বক্তব্যে প্ররোচিত হয়েছিল এমন অভিযোগ ওঠার পর তখনই পিস টিভির সম্প্রচার বন্ধের সিদ্ধান্ত নেয় সরকার।

এদিকে 'পিস' নামে বাংলাদেশে কতটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে, সে বিষয়ে সরকারের কাছে সুনির্দিষ্ট কোনো তথ্য নেই। তবে ঢাকা শিক্ষা বোর্ড বলছে, রাজধানীর লালমাটিয়ায় পিস স্কুল নামে একটি ইংরেজি মাধ্যমের বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনই শুধু দিয়েছেন তারা। বাকিগুলো অননুমোদিত।